# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণি

## স্থান: উপজেলা পরিষদ মিলনায়তন, শেরপুর, বগুড়া

১৪ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/ ৩০ অক্টোবর ২০২৩ খ্রি. সময়: বেলা-১১.০০ টা
সভার মাস : অক্টোবর/২০২৩

---

সভাপতি : জনাব মোঃ মজিবর রহমান মজনু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শেরপুর, বগুড়া

**<u>সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য</u>**

সভাপতি কর্তৃক সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণি পাঠ করে শোনানো হয়। কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ (Confirmation) করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

<table>
<tr><th>ক্র.নঃ</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বর্তমানে সারাদেশে ডেঙ্গু রোগের প্রভাব বৃদ্ধি পেয়েছে। শেরপুর হাসপাতালে ডেঙ্গু পরীক্ষা করে প্রাথমিক চিকিৎসা দেয়া হচ্ছে, এখন পর্যন্ত ডেঙ্গু রোগে কোন রোগী মারা যায়নি। কোন ব্যাক্তির জ্বর হলে স্বাস্থ্য পরীক্ষা করা এবং বাসাবাড়ীর আশ-পাশে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য তিনি পরামর্শ প্রদান করেন।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা শেরপুর, বগুড়া</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার তার বিভাগের নিম্নবর্ণিত কার্যক্রম সভায় উপস্থাপন করেন।<br><u>ফসল আবাদ পরিস্থিতি</u>
<table>
<tr><th>ফসলের নাম</th><th>লক্ষমাত্রা</th><th>অর্জিত মাত্রা হেঃ</th><th>কর্তনকৃত জমি</th><th>গড় ফলন মেঃটন</th><th>মোট উৎপাদন (মে.টন)</th></tr>
<tr><td>ভূট্টা খরিপ</td><td>২০০</td><td>২০০</td><td>২০০</td><td>৮</td><td>১৬০০</td></tr>
<tr><td>রোপা আমন বীজতলা</td><td>১০৯৬</td><td>১২৭৮</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>আউশ আবাদ</td><td>৪৫২৫</td><td>৪০২০</td><td>৩৫০০</td><td>২.৯৭</td><td>১০৩৯৫</td></tr>
<tr><td>সবজি খরিপ-১</td><td>১৩৩০</td><td>১৩০০</td><td>১১১৫</td><td>১৯</td><td>২১৪০৬</td></tr>
<tr><td>তিল</td><td>২৫</td><td>৪০</td><td>৪০</td><td>১.২৪</td><td>৪৯.৬</td></tr>
<tr><td>মরিচ</td><td>৬৫</td><td>৭০</td><td>৭০</td><td>১৩</td><td>৯১০</td></tr>
<tr><td>সবজি খরিপ-২</td><td>১৩৫০</td><td>১৩০০</td><td>১১২৫</td><td>১৯</td><td>৯০০</td></tr>
<tr><td>পাট</td><td>৪১৮</td><td>৩৪০</td><td>১৫০</td><td>২.৪</td><td>৩৬০</td></tr>
<tr><td>আদা</td><td>৩০</td><td>৩০</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>হলুদ</td><td>৭০</td><td>৭৫</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>আখ</td><td>-</td><td>১০</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>রোপা আমন</td><td>২২১৫০</td><td>২২৪৩৩</td><td></td><td></td><td></td></tr>
</table>
<u>সার পরিস্থিতি মেঃ টনঃ</u>
<table>
<tr><th>সারের নাম</th><th>বরাদ্দ (মেঃটন)</th><th>উত্তোলন(মেঃটন) পূর্বের মাসসহ</th><th>বর্তমান মজুদ (মেঃটন)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>ইউরিয়া</td><td>১০৮৯</td><td>৯০৭</td><td>৩৪০</td><td rowspan="4">পূর্বের মাসের মজুদসহ</td></tr>
<tr><td>টিএসপি</td><td>১১২</td><td>৮৮.৩৫</td><td>৩১</td></tr>
<tr><td>এমওপি</td><td>২১০</td><td>১৫০.৯৫</td><td>৫০</td></tr>
<tr><td>ডিএপি</td><td>১৭৬</td><td>১২৬.৫০</td><td>৯৯</td></tr>
</table></td><td>রোপা আমন ধান লক্ষ্যমাত্রা অনুযায়ী রোপন অগ্রগতি চলমান আছে। রোপা আমন ধানের রোগ ও পোকা আক্রমন হতে পারে এজন্য আগাম সতর্ক হিসেবে লিফলেট বিতরণ ও নিয়মিত মাঠ মনিটরিং অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল মাঠ কর্মকর্তা শেরপুর,বগুড়া।</td></tr>
<tr><td>০৩</td><td>উপজেলা প্রকৌশল অধিদপ্তর</td><td>উপজেলা প্রকৌশলী, শেরপুর, বগুড়া,সভায় জানান (১) উপজেলা পরিষদের সীমানা যথাযথভাবে চিহ্নিতকরণ,সম্পত্তি রক্ষা ও সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা পরিষদের পুকুরপাড়ে অবৈধভাবে বসবাসকারীগণকে নিজস্ব ব্যবস্হাপনায় সরকারী জায়গা আগামী ১৫ দিনের মধ্যে ফাঁকা করে দেওয়ার জন্য নোটিশ প্রদানের প্রস্তাব করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্হিত সদস্যগণ উক্ত প্রস্তাবে একমত পোষণ করেন।<br>(২) ২০২৩-২০২৪ প্রকল্পসমূহের টেন্ডার কার্যক্রম প্রক্রীয়াধীন আছে। উপজেলা পরিষদের অভ্যন্তরীন কিছু গাছ এবং জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তরের পরিত্যক্ত বাসভবন নিলামের জন্য NOC পাওয়া গেছে। এছাড়া উপজেলা পরিষদ পুরাতন ভবনের সামনের বাগানের ওয়াল ভেঙ্গে রাস্তা নির্মাণ পূর্বক মাঠ বড় করার বিষয়ে আলোচনা করা হয়।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে ১. উপজেলা পরিষদের সীমানা যথাযথভাবে চিহ্নিতকরণ,সম্পত্তি রক্ষা ও সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা পরিষদের পুকুরপাড়ে অবৈধভাবে বসবাসকারীগণকে নিজস্ব ব্যবস্হাপনায় আগামী ১৫ দিনের মধ্যে সরকারী জায়গা ফাঁকা করে দেওয়ার জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, শেরপুর, বগুড়া</td></tr>
</table>

| ক্র. | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা প্রকৌশল অধিদপ্তর | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের চিহ্নিত গাছ এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পরিত্যক্ত বাসভবন নিলামে বিক্রয়সহ উপজেলা পরিষদের পুরাতন ভবনের সামনের বাগানের ওয়াল ভেঙ্গে রাস্তা নির্মাণ কাজ করার বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন। এছাড়া নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সদস্যগণ একমত পোষণ করেন।<br>১. ভবানীপুর ইউনিয়নের বড়াইদহ স্কুল রোডে ইউ ড্রেন নির্মাণ কাজ =২,০০,০০০/-(পিআইসি)<br>২. হাসপাতাল রোডে ইউ ড্রেন পুনঃনির্মাণ কাজ =২,০০,০০০/-(পিআইসি)<br>৩. উপজেলা পরিষদের অভ্যন্তরীন হলরুমের সংযোগ সড়ক নির্মাণ কাজ =৩,৯০,০০০/-(টেন্ডার/কোটেশন)<br>৪. টিএন্ডটি অফিস হতে বিআরডিবি অফিস পর্যন্ত রাস্তা মেরামত কাজ =৯,৪০,০০০/-(টেন্ডার/কোটেশন)<br>৫. কোর্ট বিল্ডিং হতে বাগানবাড়ী অভিমুখে রাস্তা মেরামত কাজ =৯,৬০,০০০/- (টেন্ডার/কোটেশন) | ২. সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের চিহ্নিত গাছ এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পরিত্যক্ত বাসভবন নিলামে বিক্রয়সহ উপজেলা পরিষদ পুরাতন ভবনের সামনের বাগানের ওয়াল ভেঙ্গে রাস্তা নির্মাণ কাজ এবং (১) ভবানীপুর ইউনিয়নের বড়াইদহ স্কুল রোডে ইউ ড্রেন নির্মাণ কাজ =২,০০,০০০/-(পিআইসি) (২) হাসপাতাল রোডে ইউ ড্রেন পুনঃনির্মাণ কাজ =২,০০,০০০/-(পিআইসি) (৩) উপজেলা পরিষদের অভ্যন্তরীন হলরুমের সংযোগ সড়ক নির্মাণ কাজ=৩,৯০,০০০/-(টেন্ডার/কোটেশন) (৪) টিএন্ডটি অফিস হতে বিআরডিবি অফিস পর্যন্ত রাস্তা মেরামত কাজ =৯,৪০,০০০/-(টেন্ডার/কোটেশন) (৫) কোর্ট বিল্ডিং হতে বাগানবাড়ী অভিমুখে রাস্তা মেরামত কাজ =৯,৬০,০০০/-(টেন্ডার/কোটেশন) মাধ্যমে রাজস্ব/উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, শেরপুর, বগুড়া |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ অফিস দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় তার বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন। লাম্পি স্কিন ডিজিজ(এলএসডি) প্রতিরোধক সচেতনতা বিষয়ক কর্মসূচী অব্যাহত আছে।<br>০১। মোট চিকিৎসা প্রদান: গবাদিপশু+পোষা+পোল্ট্রি =৩৬,৫৩২ টি<br>০২। মোট কৃত্রিম প্রজনন প্রদান = ১৩৭৯ টি<br>০৩। গবাদি পশু ও হাঁস মুরগির ভ্যাকসিন প্রদান = ৯৯১২০ টি<br>০৪। বাচ্চা উৎপাদন = ৬০৫ টি<br>০৫। পিজি গ্রুপের মাঠ দিবস ১৯ টি।<br>০৬। ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ও আশ্রয়ন প্রকল্পে বসবাসরত প্রাণিসম্পদ বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে উৎপাদনমুখী আর্থিক সাবলম্বিতা বৃদ্ধি। | সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ক) নারী উদ্যোক্তাদের কর্মসংস্থানে প্রাণিসম্পদ প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>(খ) মাঠ পর্যায়ে টিকা প্রদান ও গবাদি প্রাণির কৃমি মুক্তকরণ কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(গ) ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কার্যক্রম জোরদারকরণ। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার শেরপুর, বগুড়া |
| ০৫ | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় তার দপ্তরের কার্যক্রম উপস্থাপন করেন, (১) আগামী নভেম্বর/২০২৩ হতে ৩০ জুন/২০২৪ পর্যন্ত মৎস্য সংরক্ষণ আইন ১৯৫০ অনুযায়ী ইলিশ মাছ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এবং ইলিশ মাছ সংরক্ষণে ১০ ইঞ্চি /১.৫ সেন্টিমিটারের নীচে ছোট ইলিশ (জাটকা) আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ অথবা ক্রয়-বিক্রয় সরকারীভাবে নিষিদ্ধ ঘোষনা করা হয়েছে। শেরপুর উপজেলার বিভিন্ন আড়তদার,বিক্রেতা ও জেলেদের সাথে মতবিনিময় করা হয়েছে এবং জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে লিফলেট বিতরণ করা হয়েছে। নিয়মিত বিভিন্ন বাজার, আড়ত,হাট, বরফকল ইত্যাদি পরিদর্শন করা হচ্ছে।<br>(২) অফিসে আগত চাষীদের কীট বক্স দ্বারা পানি পরীক্ষার মাধ্যমে নিয়মিতভাবে মাছ চাষীদের পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। | স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার শেরপুর, বগুড়া<br>২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br>৩। স্ব-স্ব কর্তৃপক্ষ |
| ০৬ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম উপস্হাপন করেন। সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠির বিশেষ বয়স্ক ভাতা ও হিজরা শিক্ষা উপবৃত্তি সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম চলমান আছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার<br>২। চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি, শেরপুর, বগুড়া। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার,শেরপুর,বগুড়া সভায় বলেন, ২০২২-২০২৪ অর্থবছরে (ক) ওয়াশ ব্লক ০৮টি (খ) প্লেয়িং এক্রেসোরিজ-০৬টি, ক্ষুদ্র মেরামত(রাজস্ব খাত) প্রকল্পের মাধ্যমে ০৬টি প্রতিষ্ঠান মেরামত করা হয়েছে। এছাড়া কক্ষের সীমাবদ্ধতা ও বইয়ের গোডাউন প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা অফিসের কক্ষের সীমাবদ্ধতা ও বইয়ের গোডাউনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে উর্দ্ধতন কর্তপক্ষের দৃষ্টি আকর্ষণ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা অফিসার<br>২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

<table>
<tr><th>ক্র.নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০৮</td><td>সাব-রেজিস্ট্রার দপ্তর</td><td>সাব-রেজিস্ট্রী অফিস বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td>পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা সাব-রেজিস্ট্রার</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা প্রকল্পবাস্তবায়ন দপ্তর</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে শেরপুর উপজেলা পরিষদ ওয়ারী ও নিবার্চনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ের কাজ প্রায় শেষ পর্যায়ে। সংশ্লিষ্ট চেয়ারম্যানগণ-কে অসমাপ্ত সকল টিআর, কাবিখা প্রকল্পের কাজ আগামী ১৫ নভেম্বর -২০২৩ তারিখের মধ্যে সমাপ্ত পূর্বক মাষ্টাররোল/বিল ভাউচার দাখিল করার জন্য অনুরোধ করা হয়। প্রাকৃতিক দুর্যোগে যে কোন ক্ষয়ক্ষতি অথবা দুর্ঘটনার ঘটনা ঘটলে জরুরী ভিত্তিতে প্রতিবেদন প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। নিম্নরুপভাবে তার দপ্তরের কর্মকান্ডের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>বরাদ্দের পরিমাণ</th><th>প্রকল্প সংখ্যা</th><th>বরাদ্দকৃত অর্থ/খাদ্য</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিটা (নগদ অর্থ-টাকা) ১ম পর্যায়</td><td>২১</td><td>৬০,৪৭,৭১৭/৩৪</td><td>৮০%</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য-চাল) ১ম পর্যায়</td><td>০৬</td><td>২৯,১৭২৬ মে:টন</td><td>৮০%</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ কাবিখা (খাদ্যশস্য-গম) ১ম পর্যায়</td><td>০৫</td><td>২৯,১৯২৬ মে:টন</td><td>৮০%</td></tr>
<tr><td>উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ টি.আর (নগদ অর্থ-টাকা) ১ম পর্যায়</td><td>৩৩</td><td>৪১,৫৬,২২৫/৫৭</td><td>৭০%</td></tr>
<tr><td>নিবার্চনী এলাকা ভিত্তিক বরাদ্দ কাবিটা (নগদ অর্থ-টাকা) ১ম পর্যায়</td><td>২৬</td><td>৩,৯৬,৬৮৩/৪৬</td><td>৮০%</td></tr>
<tr><td>নিবার্চনী এলাকা ভিত্তিক বরাদ্দ কাবিখা (খাদ্য শস্য-চাল) ১ম পর্যায়</td><td>০১</td><td>৩৩.০০০ চাল</td><td>৮০%</td></tr>
<tr><td>নিবার্চনী এলাকা ভিত্তিক বরাদ্দ কাবিটা ((খাদ্য শস্য-গম)) ১ম পর্যায়</td><td>০১</td><td>৩০.০০০ গম</td><td>৮০%</td></tr>
<tr><td>নিবার্চনী এলাকা ভিত্তিক বরাদ্দ টি আর (নগদ অর্থ-টাকা) ১ম পর্যায়</td><td>৭৭</td><td>৫৭,৪১,৫০০/-</td><td>৭০%</td></tr>
<tr><td>পৌরসভা ভিত্তিক বরাদ্দ টিআর (নগদ অর্থ-টাকা) ১ম পর্যায়</td><td>০৩</td><td>৩,৯৬,৬৮৩/৪৬</td><td>৫০%</td></tr>
<tr><td>জেলা প্রশাসক,বগুড়ার ১ম পর্যায়</td><td>০১</td><td>১,৫০,০০০/-</td><td>১০০%</td></tr>
</table></td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শেরপুর, বগুড়া<br>২। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা খাদ্য বিভাগ</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভাকে অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই মর্মে সভাকে অবহিত করেন।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক শেরপুর,বগুড়া</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় তার দপ্তরের কর্মকান্ডের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন।
<table>
<tr><th colspan="6">আগস্ট/২০২৩ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন</th></tr>
<tr><th rowspan="2">মূল/মউ/প্রকল্প/কর্মসূচি</th><th colspan="2">মসিক</th><th colspan="2">বার্ষিক</th><th rowspan="2">ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th></tr>
<tr><td>সমিতি গঠন</td><td>০২</td><td>-</td><td>০৭</td><td>-</td><td>৩১৪</td></tr>
<tr><td>সদস্য ভর্তি</td><td>১০</td><td>০১</td><td>১২০</td><td>০৩</td><td>১১২৫১</td></tr>
<tr><td>শেয়ার</td><td>০.৩৩</td><td>০.৯৪</td><td>৪.০০</td><td>১৪১</td><td>১২৪.৯৯</td></tr>
<tr><td>সঞ্চয়</td><td>১.৯২</td><td>২.২৩</td><td>২১.৫০</td><td>৫.৩৬</td><td>৪৯৭.৬৫</td></tr>
</table>
<table>
<tr><th rowspan="2">ঋণ কার্যক্রম</th><th colspan="3">ঋণ বিতরণ</th><th colspan="3">ঋণ আদায়</th><th rowspan="2">ঋণ আদায়ের হার</th><th rowspan="2">ঋণ অনাদায়ী</th></tr>
<tr><th>মাসিক</th><th>বার্ষিক</th><th>ক্রমপুঞ্জিত</th><th>মাসিক</th><th>বার্ষিক</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>মূল ও মউ</td><td>৫৫.৯৭</td><td>৯৬.৪৮</td><td>৫৪০৯.০৮</td><td>৪৪.২১</td><td>৬৫.২৩</td><td>৪৮৬৫.৮৮</td><td>৯০%</td><td>৫৪৩.২০</td></tr>
<tr><td>প্রকল্প/কর্মসূচি</td><td>৭.৬৭</td><td>৭.৬৭</td><td>১৯৭২.১০</td><td>৭.৬২</td><td>১২.৪২</td><td>১৭২৭.৯১</td><td>৮৭%</td><td>২৪৪.১৯</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৬৩.৬৬</td><td>১০৪.৬৭</td><td>৭৩৮১.১৮</td><td>৫১.৮৩</td><td>৭৭.৬৫</td><td>৬৫৯৩.৭৯</td><td>৮৯%</td><td>৭৮৭.৩৯</td></tr>
</table></td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার শেরপুর,বগুড়া</td></tr>
<tr><td>১২</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর, বগুড়া সভাকে অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শেরপুর, বগুড়া</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় তার দপ্তরের পরিবার পরিকল্পনা কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন ও হার তুলে ধরেন। কার্যক্রম নিম্নরূপঃ
<table>
<tr><th colspan="2">দপ্তরের চলমান উন্নয়ন কার্যক্রম</th></tr>
<tr><td>খাবার বড়ি গ্রহণ</td><td>৩৫৪৪০ জন</td></tr>
<tr><td>কনডম</td><td>৮০২৫জন</td></tr>
<tr><td>ইনজেকটেবল</td><td>২৯৯৮ জন</td></tr>
<tr><td>আইইউডি</td><td>১৭১৩ জন</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>৪১০৫ জন</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (পুরুষ)</td><td>২৪৪৪ জন</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (মহিলা)</td><td>৬১১৯ জন</td></tr>
</table></td><td>বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে অনুষ্ঠিত উঠান বৈঠকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ইউপি সদস্য/ জনপ্রতিনিধিদের সম্পৃক্ত থেকে পরিবার পরিকল্পনা কাজে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
</table>

<table>
<tr><th></th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>
<table>
<tr><th colspan="2">সেপ্টেম্বর/২০২৩ মাসের পদ্ধতি ভিত্তিক বিতরণ ছিল</th></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>১৭৯৮৩ চক্র</td></tr>
<tr><td>কনডম</td><td>৩৪১২৮ পিচ</td></tr>
<tr><td>ইনজেকটেবল</td><td>২২১৫ ভায়াল</td></tr>
<tr><td>আইইউডি</td><td>০৪ পিচ</td></tr>
<tr><td>ইমপ্লান্ট</td><td>৬২ পিচ</td></tr>
<tr><td rowspan="2">স্থায়ী কার্যক্রম</td><td>পুরুষ বন্ধ্যাকরণ- ০২ জন</td></tr>
<tr><td>মহিলা বন্ধ্যাকরণ- ১৯ জন</td></tr>
</table>
</td><td></td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ভিডব্লিডবি, মা ও শিশুসহায়তা কর্মসূচীসহ অত্র বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠনগুলিতে উঠান বৈঠকসহ কিশোর কিশোরী ক্লাবের মাধ্যমে বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধে সচেতনতামূলক কার্যক্রম চলমান আছে মর্মে সভাকে অবহিত করেন।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার শেরপুর, বগুড়া</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, শেরপুর, বগুড়া সভায় তার বিভাগের কার্যক্রম উপস্থাপন করেন।
<table>
<tr><th>কার্যক্রমের বিবরণ</th><th>চলতি মাসে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৯০ জন</td><td>৮৯৮৮ জন</td></tr>
<tr><td>আত্মকর্ম সংস্থান</td><td>০৪</td><td>৪৪৫৬ জন</td></tr>
<tr><td>যুব ঋণ বিতরণ</td><td>১১,০০,০০০/-</td><td>৪,৫২,৮২,৫০০/-</td></tr>
<tr><td>যুব ঋণ আদায়যোগ্য</td><td>২,৯৩,০৪০/-</td><td>৪,০৬,০৫,১৮৪</td></tr>
<tr><td>যুব ঋণ আদায়কৃত</td><td>২,৯৩,০৪০/-</td><td>৩,৮৪,৯২,২৭৮</td></tr>
<tr><td>যুব ঋণ আদায়ের হার (%)</td><td>১০০%</td><td>৯৫%</td></tr>
<tr><td>অনুদান প্রাপ্ত যুব সংগঠনের সংখ্যা ও টাকা</td><td>নাই</td><td>৪৩ টি সংগঠন ৪,১৮,০০০/-</td></tr>
<tr><td>জাতীয় যুব পুরস্কার</td><td>-</td><td>০১ জন ৯০,০০০/-</td></tr>
<tr><td>মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ</td><td>-</td><td>২০৬ জন</td></tr>
<tr><td>নার্সারী ও বৃক্ষরোপন</td><td>৭৫</td><td>৭৬৯০ টি</td></tr>
<tr><td>যৌতুক বিরোধী স্বাক্ষর গ্রহণ</td><td>-</td><td>১৮ টি ব্যাচে ৬০০জন</td></tr>
<tr><td>অটিজম স্নায়ু বিকাশ জনিত</td><td>-</td><td>১৬ জন</td></tr>
<tr><td>যুব সংগঠন নিবন্ধন</td><td>-</td><td>২০ টি</td></tr>
</table>
</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শেরপুর,বগুড়া</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর শেরপুর, বগুড়া সভায় বলেন, সারাদেশে ২৩ টি পৌরসভায় ওয়াটার প্যাকেজের আওতায় পাইপ লাইনের কাজ, স্যানিটেশন প্যাকেজের ড্রেনেজ লাইন ও কমিউনিটি ল্যাট্রিন এর কাজ চলমান আছে। উক্ত প্রকল্পের আওতায় শেরপুর পৌর সভায় পানি সরবরাহ কাজে পাইপ লাইন প্যাকেজের ২৫৯৯টি গৃহসংযোগের তালিকা মেয়র, শেরপুর,পৌরসভার নিকট হতে পাওয়া যায়নি। একাধিকবার তাগিদ দেয়া সত্ত্বেও এযাবৎ তালিকা পাওয়া যায়নি মর্মে সভাকে অবহিত করেন।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে শেরপুর পৌরসভায় পানি সরবরাহ কাজে পাইপ লাইন প্যাকেজের ২৫৯৯টি গৃহসংযোগের তালিকা আগামী ০৭(সাত) দিনের মধ্যে মেয়র, শেরপুর, পৌরসভার নিকট হতে পাওয়া না গেলে জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তর শেরপুর কর্তৃক তালিকা প্রস্তুত করে প্রকল্পের কাজ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং তালিকা প্রেরণে পৌরসভার অসহযোগিতার বিষয়ে জেলা কার্যালয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিস</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা এর প্রতিনিধি জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় অফিসার, শেরপুর, বগুড়া জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় অফিসার শেরপুর, বগুড়া</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা নির্বাচন বিভাগ</td><td>উপজেলা নির্বাচন অফিসার শেরপুর, বগুড়া সভায় জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কোন সমস্যা নেই।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা নির্বাচন অফিসার শেরপুর,বগুড়া</td></tr>
<tr><td>২০</td><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ</td><td>সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, শেরপুর, বগুড়া, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।</td><td>দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>সহকারী প্রোগ্রামার</td></tr>
<tr><td>২১</td><td>পল্লী বিদ্যুৎ সমিতি</td><td>ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি শেরপুর, বগুড়া বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td>পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>১। ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি<br>২। সহকারী কমিশনার/ভূমি,শেরপুর<br>৩। চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউপি, শেরপুর,বগুড়া।</td></tr>
<tr><td>২২</td><td>বিক্রয় ও বিতরণ বিভাগ, নেসকো লিঃ</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, শেরপুর, বগুড়া বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।</td><td>পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>নির্বাহী প্রকৌশলী বিবিবি,নেসকো লিঃ</td></tr>
<tr><td>২৩</td><td>উপজেলা সামাজিক বনবিভাগ</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, শেরপুর, বগুড়া সভায় জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। কোন সমস্যা নেই মর্মে সভাকে অবহিত করেন।</td><td>স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>ভারপ্রাপ্ত বন কর্মকর্তা শেরপুর,বগুড়া</td></tr>
</table>

| | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২৪ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভাকে অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২৫ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে অবহিত করেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার শেরপুর, বগুড়া |
| ২৬ | আমার বাড়ি আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | সিনিয়র শাখা ব্যবস্থাপক বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়কারী শেরপুর, বগুড়া |
| ২৭ | তথ্য আপা প্রকল্প বিভাগ | তথ্য সেবা কর্মকর্তা বা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | তথ্য সেবা কর্মকর্তা শেরপুর,বগুড়া |
| ২৮ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) স্থানীয় সরকার বিভাগ | সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| | বিবিধ-১ | সভায় স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ১৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ তারিখের ৪৬.০৪৬.০২৬. ০০.০০.০৫৪. ২০১৩-২৬৪/১(৬) নং স্মরক মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(খ) অনুচ্ছেদে অনুযায়ী বিভিন্ন জাতীয় দিবস উদযাপনের ব্যয় নির্বাহের জন্য ১,০০,০০০/-(একলক্ষ) টাকা ব্যয় করা যাবে মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে মহান বিজয় দিবস/২০২ উদযাপনের ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য সদস্যবর্গ একমত পোষণ করেন। | আলোচনান্তে মহান বিজয় দিবস/২০২২ উদযাপনের ব্যয় নির্বাহের লক্ষ্যে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২৯ | বিবিধ-২ | সভায় আসন্ন জাতীয় সংসদ নিবার্চন উপলক্ষ্যে বর্তমান রাজনৈতিক পরিস্হিতিতে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) ও সংগীয় আনসার সদস্যদের নিরাপত্তার জন্য ১০ টি হেলমেট ও বুলেটপ্রুফ জ্যাকেট ক্রয় বাবদ=৬০,০০০/-(ষাট হাজার) টাকা ব্যয় হবে মর্মে সভাকে অবহিত করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১০ টি হেলমেট ও বুলেটপ্রুফ জ্যাকেট ক্রয় করার জন্য উপস্হিত সদস্যগণ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার ও সংগীয় আনসার সদস্যদের নিরাপত্তার জন্য ১০ টি হেলমেট ও বুলেটপ্রুফ জ্যাকেট ক্রয় বাবদ=৬০,০০০/-(ষাট হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২৯ | বিবিধ-৩ | সভায় জনাব মোঃ মাসুদ রানা, পিতা-মৃত আনিছুর রহমান, গ্রাম-মাথল চাপড়,শেরপুর,বগুড়া কর্তৃক সেচ লাইসেন্স বাতিলের অভিযোগের বিষয়ে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য এ অফিসের ২১/০৯/২০২৩ তারিখের ০৫.৫০.১০৮৮.০০০.১৪.০২০.২৩-৯৫০ নং সম্মারকে (১) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, শেরপুর, বগুড়া (২) উপজেলা কৃষি সম্পসারণ কর্মকর্তা, শেরপুর, বগুড়া (৩) চেয়ারম্যান, ০৭ নং ভবানীপুর ইউনিয়ন, শেরপুর, বগুড়াগণের সমন্বয়ে ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়। গঠিত কমিটির সদস্যগণ সেচ লাইসেন্স প্রদানের অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত তদন্ত প্রতিবেদন অনুযায়ী মোঃ মাসুদ রানা ৪১৮/৪২৪ নং দাগে ১৯৯৯ সালে ডিজেল চালিত গভীর নলকূপ স্থাপন করেন। পরবর্তীতে তিনি ১৯০/৪৪৮ নং দাগে গভীর নলকুপ স্থাপনের বিরুদ্ধে শেরপুর সিনিয়র সহকারী জজ আদালতে মামলা করেন(মামলা নং-৯৮/২০১৫)। উক্ত দাগে মামলা থাকাবস্থায় এস এম আহসানুল কবিরকে লাইসেন্স প্রদান করা হলে তার নাম ও ঠিকানা সঠিক পাওয়া যায়নি। অপর দিকে ৪১৮/৪২৪ নং দাগে মামলা থাকায় মোঃ মাসুদ রানাকে ২৫৪/৪৭৩ নং দাগে অগভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদান করা হয়। পরবতীতে তার লাইসেন্স বাতিলের অভিযোগের প্রেক্ষিতে তদন্ত কমিটি গঠন করা হলে উক্ত তদন্ত কমিটির প্রতিবেদনে বিএডিসির সহকারী প্রকৌশলী স্বাক্ষর না করে আলাদা প্রতিবেদন দাখিল করলে মোঃ মাসুদ রানার লাইসেন্স বাতিল হয়ে যায়। তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী যেহেতু মোঃ মাসুদ রানার পিতা দীর্ঘ দিন সেচ পরিচালনা করেছেন এবং তার পিতার মৃত্যুর পর মোঃ মাসুদ রানা সেচ কার্যক্রম পরিচালনা করছেন সেহেতু মোঃ মাসুদ রানার নামে সেচ লাইসেন্স এর মেয়াদ এবং চাষাবাদ সচল রাখার স্বার্থে লাইসেন্সটি প্রদান করা যেতে পারে মর্মে সভাপতি ও উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে তদন্ত কমিটির প্রতিবেদন অনুযায়ী যেহেতু মোঃ মাসুদ রানার পিতা দীর্ঘ দিন সেচ পরিচালনা করেছেন এবং তার পিতার মৃত্যুর পর মোঃ মাসুদ রানা সেচ কার্যক্রম পরিচালনা করে আসতেছেন, সেহেতু মোঃ মাসুদ রানার নামে সেচ লাইসেন্স প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২৯ | বিবিধ-৪ | উপজেলা নির্বাহী অফিসার বলেন উপজেলা পরিষদের ন্যাস্তকৃত ১৭ টি বিভাগের স্থায়ী কমিটি সমূহের সভা প্রতি দুই মাসে অন্তত একটি করে সভা আহবান করে তার কার্য বিবরণী পরিষদ সভায় উপস্থাপনের জন্য বলা হলেও এযাবৎ কোন স্থায়ী কমিটির সভার কার্যপত্র পাওয়া যায়নি। আগামি সভায় স্থায়ী কমিটির সভার কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য সভাপতি ও সদস্য-সচিবগণকে বিশেষ অনুরোধ জানান। তিনি আগামি সভায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে মাসিক সভায় উপস্থিত থাকার অনুরোধ করেন। | আলোচনান্তে প্রতি দুই মাসে প্রত্যেকটি স্থায়ী কমিটির কমপক্ষে ০১ টি করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সভাপতিগণ পরিষদের সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ১। উপজেলা পরিষদের সকল কর্মকর্ত। ২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| [illegible] | [illegible] | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২৯ | বিবিধ-৫ | সভাপতি জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে সরকারি কাজের স্বার্থে বিভিন্ন খাতে নিম্নবর্ণিত টাকার ব্যয় পরিশোধ করা হয়েছে/ব্যয়িত অর্থ পরিশোধ করা হয়েছে। ব্যয় বিবরণী নিম্নরূপ: (নিচের সারণি দ্রষ্টব্য) | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ দ্বারা সরকারি কাজের স্বার্থে সর্বমোট = ২,৮১,৪২৫/-(দুই লক্ষ একাশি হাজার চারশত পঁচিশ) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

| ক্রম | বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের চেয়ারম্যানের অক্টোবর/২৩ মাসের সম্মানীভাতা | ৪০,০০০/- |
| ০২ | উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যানের, অক্টোবর/২৩ মাসের সম্মানীভাতা- (২৭,০০০×২) | ৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ০২ জন অফিস সহায়কের অক্টোবর/২৩ মাসের (৫৫০×৩০=১৬৫০০) পারিশ্রমিক প্রদান=১৬,৫০০×২ | ৩৩,০০০/- |
| ০৪ | উপজেলা পরিষদের ০১জন মালি ও ০১ জন পরিচ্ছন্নতাকর্মীর অক্টোবর/২৩ মাসের (৫৫০×৩১= ১৬,৫০০/-) পারিশ্রমিক প্রদান-১৬,৫০০×২ | ৩৩,০০০/- |
| ০৫ | উপজেলা পরিষদের অক্টোবর/২৩ মাসের ইন্টারনেট বিল বাবদ ব্যয় | ২,৪০০/- |
| ০৬ | উপজেলা পরিষদের অক্টোবর/২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ৩০,০০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের অক্টোবর/২৩ মাসের স্টেশনারী মালামাল ক্রয় বাবদ ব্যয় | ৫,০০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যানের অক্টোবর/২৩ মাসের বাসাভাড়া বাবদ অর্থ প্রদেয় | ৫,০০০/- |
| ০৯ | উপজেলা পরিষদের নিরাপত্তা প্রহরীর অক্টোবর/২৩ মাসের প্রারিশ্রমিক প্রদান | ৮,২৫০/- |
| ১০ | উপজেলা পরিষদের অক্টোবর/২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ ব্যয় | ২৮,৩৭৫/- |
| ১১ | অক্টোবর/২৩ মাসের পানির পাম্প রক্ষণা-বেক্ষণ কাজের পারিশ্রমিক | ৭,০০০/- |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের জানালা ও দরজা মেরামত বাবদ | ৭,৯৫০/- |
| ১৩ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পার্কিং টাইলস সংস্কার রং করণ | ৯,৫০০/- |
| ১৪ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পানির পাম্প পুনঃস্থাপন বাবদ | ১৭,৯৫০/- |
| | সর্বমোট | ২৮১,৪২৫/- |

কথায়: (দুই লক্ষ একাশি হাজার চারশত পঁচিশ) টাকা মাত্র।

অত:পর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মজিবর রহমান মজনু)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শেরপুর, বগুড়া।
৩০/১০/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া
(sherpur.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৮৮.০০০.০৬.০০১.২০২৩- **১০৮৯ (৪০)**

তারিখঃ ১৪ কার্তিক ১৪৩০ / ৩০অক্টোবর ২০২৩

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪০ বগুড়া- ০৫। (উপদেষ্টা, উপজেলা পরিষদ মাসিক সভা)
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৫। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৬। জেলা প্রশাসক, বগুড়া
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বগুড়া
০৮। উপজেলা........................................................অফিসার, শেরপুর, বগুড়া
০৯। চেয়ারম্যান,..................................ইউনিয়ন পরিষদ (সকল), শেরপুর, বগুড়া
১০। জনাব...........................................................................................
১১। অফিস কপি।

৩০.১০.২৩
(সানজিদা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর, বগুড়া
টেলিফোন ঃ ০২৫৮৯৯০৯২০১
৩০/১০/২৩